]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নম্বর ঃ ০৫.৪৪.৪৭৬৯.০০৫.০১.০৯৭.১৮- ৯১১ তারিখ ঃ ১১-০২-২০১৮ খ্রি.।

**"বাংলা ১৪২৫ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি"**

তেরখাদা উপজেলাধীন হাট-বাজারসমূহ বাংলা ১৪২৫ সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। "ক" তফসিলে বর্ণিত হাট-বাজার একসনা মেয়াদে (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার(ভূমি), তেরখাদা এর কার্যালয়, অফিসার ইনচার্জ, তেরখাদা থানা এর কার্যালয়, সোনালী ব্যাংক, তেরখাদা শাখা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এবং জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা হতে "খ" তফসিলে বর্ণিত সময়সূচী মোতাবেক দরপত্র ফরম/সিডিউল অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) বিক্রয় করা হবে। দরপত্র ফরমসমূহ "খ" তফসিলে বর্ণিত সময়সূচী মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। দাখিলকৃত দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কোন হাট-বাজারের জন্য টেন্ডারে প্রাপ্ত সর্বোচ্চ দর যদি সংশ্লিষ্ট হাটের কাঙ্খিত সরকারী মূল্য হতে কম হয় তবে উক্ত হাটের ইজারা কার্যক্রম "খ" তফসিলে বর্ণিত সময়সূচী মোতাবেক পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে। স্থানীয় সরকার বিভাগ কতৃক ০১ মার্চ-২০১৬ তারিখের ৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.২০১০ (অংশ)-৮৮ পরিপত্র মোতাবেক বিগত ০৩(তিন) বছরের ইজারা মূল্যের গড়ের সাথে ১০% বৃদ্ধি করে হাট-বাজারের ইজারা মূল্য নির্ধারণ করা হয়েছে।

**"ক" তফসিল**

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | হাট-বাজারের অবস্থান | বাংলা ১৪২৫ সনের সরকারী মূল্য | দরপত্র/সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১ | তেরখাদা হাট | তেরখাদা ইউনিয়ন | ২৬,৯৮৩/= | ৫০০/= |
| ২ | জয়সেনা হাট | তেরখাদা ইউনিয়ন | ২৩,৩৪২/= | ৫০০/= |
| ৩ | ইখড়ী গো-হাট | বারাসাত ইউনিয়ন | ১,৪১,৫৩৪/= | ১,০০০/= |
| ৪ | বলর্দ্ধনা হাট | তেরখাদা ইউনিয়ন | ১,১০০/= | ৫০০/= |
| ৫ | আটলিয়া হাট | তেরখাদা ইউনিয়ন | ১,১০০/= | ৫০০/= |
| ৬ | পাতলা হাট | সাচিয়াদাহ ইউনিয়ন | ১,২৯,৬৩৫/= | ১,০০০/= |
| ৭ | সাচিয়াদাহ হাট | সাচিয়াদাহ ইউনিয়ন | ৩,৪৮৪/= | ৫০০/= |
| ৮ | কাটেংগা হাট | বারাসাত ইউনিয়ন | ৫৮,৩০০/= | ৫০০/= |
| ৯ | শেখপুরা হাট | আজগড়া ইউনিয়ন | ৪,৯৫,০০০/= | ১,৬০০/= |

**"খ" তফসিল**

| দরপত্র আহবানের পর্ব | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্ব | ২৭-০২-২০১৮ খ্রিঃ (বুধবার) | ২৮-০২-২০১৮ খ্রিঃ দুপুর ঃ ০১.০০ ঘঃ পর্যন্ত | ২৮-০২-২০১৮ খ্রিঃ বিকাল ঃ ০৩.৩০ ঘঃ পর্যন্ত |

| | | | |
|---|---|---|---|
| ২য় পর্ব | ০৭-০৩-২০১৮ খ্রিঃ (বুধবার) | ০৮-০৩-২০১৮ খ্রিঃ<br>দুপুর ঃ ০১.০০ ঘঃ পর্যন্ত | ০৮-০৩-২০১৮ খ্রিঃ<br>বিকাল ঃ ০৩.৩০ ঘঃ পর্যন্ত |
| ৩য় পর্ব | ১৪-০৩-২০১৮ খ্রিঃ (বুধবার) | ১৫-০৩-২০১৮ খ্রিঃ<br>দুপুর ঃ ০১.০০ ঘঃ পর্যন্ত | ১৫-০৩-২০১৮ খ্রিঃ<br>বিকাল ঃ ০৩.৩০ ঘঃ পর্যন্ত |
| ৪র্থ পর্ব | ২১-০৩-২০১৮ খ্রিঃ (বুধবার) | ২২-০৩-২০১৮ খ্রিঃ<br>দুপুর ঃ ০১.০০ ঘঃ পর্যন্ত | ২২-০৩-২০১৮ খ্রিঃ<br>বিকাল ঃ ০৩.৩০ ঘঃ পর্যন্ত |

## ঃ শর্তাবলী ঃ

১। দরপত্র দাতাকে দরপত্রের সাথে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। উক্ত ৩০% অর্থ থেকে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর শেষে জামানত বাবদ অব্যবহৃত টাকা জমাকারী বরাবর প্রত্যার্পণ করা হবে।

২। দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাবদ জমাদানকৃত অর্থ বাজেয়াপ্ত ঘোষণা করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। ২য় বার দরপত্র আহ্বান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী মূল্যের চেয়ে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৪। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৫। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোলরেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টানিয়ে প্রচার করবেন।

৮। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

৯। ইজারার সমস্ত অর্থ (আয়কর, ভ্যাট) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/= (দুইশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা সম্বলিত দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। হাট-বাজার ইজারার পরে কোন সমস্যার উদ্ভব হইলে তা তাৎক্ষণিকভাবে সভাপতি, উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি তথা উপজেলা নির্বাহী অফিসার, তেরখাদা, খুলনাকে লিখিতভাবে জানাতে হবে।

১৮। সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত যে কোন আদেশ, পরিপত্রের নির্দেশ মতে গৃহীত ব্যবস্থাদি ইজারাদার প্রতিপালন করতে বাধ্য থাকবে।

(মোঃ লিটন আলী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা হাটবাজার ইজারা প্রদান কমিটি
তেরখাদা, খুলনা।
☎ ০৪০২৯-৫৬০০১

স্মারক নম্বর ঃ ০৫.৪০.৪৭৬৯.০০৫.০১.০৯৭.১৮-১১১ (৫০) তারিখ ঃ ১১-০২-২০১৮ খ্রি

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।

০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৩। জেলা প্রশাসক, খুলনা।

০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা / দিঘলিয়া / ফুলতলা / ডুমুরিয়া / কয়রা / রূপসা / দাকোপ / পাইকগাছা, খুলনা।

০৬। সহকারী কমিশনার (ভূমি), তেরখাদা, খুলনা।

০৭। অফিসার ইন-চার্জ, তেরখাদা থানা, খুলনা।

০৮। উপজেলা ............................................ কর্মকর্তা (সকল), তেরখাদা, খুলনা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য তার নোটিশ বোর্ডে টানিয়ে রাখার জন্য অনুরোধ করা হলো।

০৯। সম্পাদক, দৈনিক, ............................। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ১ (এক) দিন স্বল্প পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো।

১০। চেয়ারম্যান, ............................ ইউনিয়ন পরিষদ, খুলনাকে বিজ্ঞপ্তিটি তার এলাকার হাট-বাজারসহ জনাকীর্ণ স্থানসমূহে ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...................... ইউনিয়ন ভূমি অফিস, তেরখাদা, খুলনাকে বিজ্ঞপ্তিটি তার আওতাধীন সকল হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে প্রচার পূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে অনুরোধ করা হলো।

১২। সভাপতি/সাধারণ সম্পাদক, ...................................... বাজার বণিক সমিতি, তেরখাদা, খুলনা।

১৩। জনাব ......................................................, প্রাক্তন ইজারাদার, ................................ হাট, তেরখাদা,খুলনা।

১৪। অফিস কপি।

(মোঃ লিটন আলী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা হাটবাজার ইজারা প্রদান কমিটি
তেরখাদা, খুলনা।